

নম্বর: ০৫.১০.০৪০০.১১২.০৩.০০৩.১৯-৫১৫

তারিখ: ০৭ চৈত্র ১৪২৫
১১ মার্চ ২০১৯


যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা জারি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরগুনা সদর, আমতলী, বেতাগী, পাথরঘাটা ও বামনা উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০১৯ উপলক্ষে উক্ত নির্বাচনী এলাকার মধ্যে নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।


- ১। মোটর সাইকেলঃ ২৯ মার্চ ২০১৯ হতে ৩১ মার্চ ২০১৯ মধ্যরাত ১২ টা পর্যন্ত চলাচল করতে পারবে না।
২। নিম্নোক্ত যানবাহনঃ ৩০ মার্চ ২০১৯ দিবাগত রাত ১২.০০ টা থেকে ৩১ মার্চ ২০১৯ দিবাগত রাত ১২ টা পর্যন্ত চলাচল করতে পারবে না।

(১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক (২) ট্যাক্সি ক্যাব (৩) মাইক্রোবাস (৪) জীপ (৫) পিক আপ (৬) কার (৭) বাস (৮) ট্রাক (৯) টেম্পো (১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন।

৩। উল্লেখিত নিষেধাজ্ঞা সহকারী রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বি প্রার্থী/জীদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের, (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজ যেমন-এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লেখিত যানচলাচলের ক্ষেত্রে নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া জাতীয় মহাসড়ক, বন্দর, ও জরুরী পণ্যসহ অন্যান্য জরুরী প্রয়োজনে এ আদেশ শিথিলযোগ্য।


কেবীর মাহমুদ
জেলা ম্যাজিস্ট্রেট
বরগুনা

ফোনঃ ০৪৪৮-৬২৫৬৬



অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
২। পুলিশ সুপার, বরগুনা।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও রিটার্নিং অফিসার (বরগুনা সদর, আমতলী, বেতাগী উপজেলা)।
৩। উপজেলা নির্বাহী অফিসার বরগুনা সদর, আমতলী, পাথরঘাটা, বেতাগী, বামনা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, তালতলী।
৫। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বরগুনা।
৬। জেলা নির্বাচন অফিসার, বরগুনা ও রিটার্নিং অফিসার (পাথরঘাটা, বামনা উপজেলা)।
৬। কোম্পানী কমান্ডার, র্যাব-৮, পটুয়াখালী।
৭। স্টেশন কমান্ডার, কোস্টগার্ড, পাথরঘাটা।
৮। জেলা তথ্য অফিসার, বরগুনা, মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন।
৯। পরিদর্শক, বিআরটিএ, বরগুনা।
১০। ইনচার্জ, পুলিশ বেতার, বরগুনা (বার্তাটি এ জেলার সকল অফিসার ইনচার্জদের নিকট পুলিশ বেতার যোগে প্রেরণ করবেন)।
১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা এ দপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করবেন।